গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
মুরাদনগর , কুমিল্লা।
www.food.muradnagar.comilla.gov.bd

স্মারক নং: ১৩.০১.১৯৮১.০০১.৫০.০০১.২৪.২৫৮ তারিখঃ ০৭/০৭/২০২৬ খ্রিঃ

"খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি"

মুরাদনগর উপজেলা, কুমিল্লা এর আওতাধীন যাএাপুর ও জাহাপুর ইউনিয়নের ০২(দুই)টি বিক্রয়কেন্দ্রে খাদ্যবান্ধব কর্মসূচির কার্যক্রম পরিচালনার জন্য খাদ্যবান্ধব নীতিমালা-২০২৪ এবং এই সংক্রান্ত পরিপত্রের আলোকে ০২(দুই)জন খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। মুরাদনগর উপজেলার আকুবপুর ও রামচন্দ্রপুর (দ:) ইউনিয়নের স্থায়ীভাবে বসবাসকারী যেকোন আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নবর্ণিত কেন্দ্রের অনুকূলে উল্লিখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | বিক্রয়কেন্দ্রের নাম |
|---|---|---|
| ০১ | আকুবপুর | মেটংঘর বাজার |
| ০২ | রামচন্দ্রপুর (দ:) | জাহাপুর বাজার |

আবেদনকারীর যোগ্যতা:

১। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক এবং মুরাদনগর উপজেলার আকুবপুর ও রামচন্দ্রপুর (দ:) ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। আবেদনকারীর নিদিষ্ট বিক্রয়কেন্দ্রে নিজস্ব/ভাড়া দোকান থাকতে হবে।

৩। আবেদনকারী খাদ্যশস্য লাইসেন্সধারী ও ট্রেড লাইসেন্সধারী হতে হবে।

৪। আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং ১৫(পনের) মে. টন খাদ্যশস্য সংরক্ষণের ব্যবস্থা থাকতে হবে।

৫। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে।

৬। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িক বরখাস্তকৃত কোন ব্যক্তি আবেদন করতে পারবেন না।

৭। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচীর ডিলার হতে পারবেন না।

৮। কোন সরকারি কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।

৯। আবেদনপত্রের সাথে পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি, জাতীয় পরিচয়পত্র ও নাগরিক সনদপত্রের কপি, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, খাদ্যশস্য লাইসেন্স (ফুডগ্রেইন) এর কপি, ট্রেড লাইসেন্সের কপি, দোকানের মালিকানা/ভাড়া সংক্রান্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

আবেদনপত্রের সাথে সকল চাহিত কাগজপত্রাদির সত্যায়িত কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) আগামী ১৩/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর,মুরাদনগর , কুমিল্লায় সীলগালা খামে জমা প্রদান করতে হবে। খামের উপর নিজ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

৭/৭/২৬
এ বি এস মুসা মাহমুদ
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মুরাদনগর , কুমিল্লা।

CS CamScanner

স্মারক নং: ১৩.০১.১৯৮১.০০১.৫০,০০১.২৪.২৫৮ তারিখ: ০৭/০৭/২০২৬ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

০১। মাননীয় মন্ত্রী,ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মাননীয় জাতীয় সংসদ সদস্য ,২৫১,কুমিল্লা-৩(মুরাদনগর)

০২। জেলা প্রশাসক, কুমিল্লা।

০৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা।

০৪। উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর , কুমিল্লা ও সভাপতি, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।

০৫। উপজেলা ............... কর্মকর্তা, মুরাদনগর , কুমিল্লা ও সদস্য, উপজেলা খাদ্যবান্ধব কমিটি।

০৬। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুরাদনগর , কুমিল্লা এর নোটিশ বোর্ড।

০৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, মুরাদনগর , কুমিল্লা এর নোটিশ বোর্ড।

০৮। ইউনিয়ন পরিষদ, যাত্রাপুর ও জাহাপুর,মুরাদনগর কুমিল্লা এর নোটিশ বোর্ড।

০৯। অফিস কপি।

৭/৭/২৬

এ বি এস মুসা মাহমুদ
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
মুরাদনগর , কুমিল্লা।